# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 30 June, 2025

দেশের আট জেলার ওপর দিয়ে ঘণ্টায় সর্বোচ্চ ৪৫ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝড় বা দমকা হাওয়া বয়ে যেতে পারে এবং বজ্রসহ বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। বাংলাদেশ আবহাওয়া অফিস সোমবার (৩০ জুন) দুপুর ১টা পর্যন্ত এ পূর্বাভাস দিয়েছে।

আবহাওয়া অফিসের আবহাওয়াবিদ খো. হাফিজুর রহমান স্বাক্ষরিত পূর্বাভাস অনুযায়ী, যশোর, খুলনা, বরিশাল, পটুয়াখালী, কুমিল্লা, নোয়াখালী, চট্টগ্রাম ও কক্সবাজার জেলার ওপর দিয়ে দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব দিক থেকে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।তাই এসব এলাকার নদীবন্দরগুলোকে ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

এছাড়া, সন্ধ্যা ৬টা পর্যন্ত রাজশাহী, খুলনা, বরিশাল, চট্টগ্রাম বিভাগসহ দেশের অন্যান্য অঞ্চলে অস্থায়ী দমকা হাওয়া, বজ্রপাতসহ মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে।বিশেষ করে খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কিছু এলাকায় ভারি থেকে মাঝারি বর্ষণের আশঙ্কাও রয়েছে।

দেশের দক্ষিণাঞ্চলে দিনের তাপমাত্রা কিছুটা কমতে পারে, তবে অন্যান্য জায়গায় ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকবে।

আবহাওয়া অফিস জানিয়েছে, সারা সপ্তাহ জুড়েই বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

আবহাওয়া বৃষ্টি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 01 July, 2025 01:40

URL: https://www.timestodaybd.com/national/7758073937